# বাংলা বিভাগ অ্যালামনাই
## রাজশাহী বিশ্ববিদ্যালয়
প্রধান কার্যালয়: কক্ষ ১৪৬, শহীদুল্লাহ কলাভবন, বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়


তারিখ ঃ ২৫.১০.২০১৮
সভার স্থান ঃ ১৪৯ নং কক্ষ, শহীদুল্লাহ কলাভবন
রাজশাহী বিশ্ববিদ্যালয়

বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহী বিশ্ববিদ্যালয় এর কার্যনির্বাহী পরিষদের তৃতীয় সভার কার্যবিবরণী

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ অ্যালামনাই-এর কার্যনির্বাহী পরিষদ ২০১৮-২০১৯ এর তৃতীয় সভা ২৫ অক্টোবর, ২০১৮ বৃহস্পতিবার বিকেল ৪.০০ টায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ কলা ভবনের ১৪৯ নম্বর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বাংলা বিভাগ অ্যালামনাই-এর সভাপতি কবি আপেল আবদুল্লাহ।

সভায় আলোচ্যসূচি অনুযায়ী বার্ষিক সাধারণ সভা ও বনভোজন-২০১৮ আয়োজন, ঢাকার সদস্যদের সমন্বয়ে সাংস্কৃতিক ও কবিতা পাঠের অনুষ্ঠান আয়োজন, সর্বশেষ ব্যাংক স্থিতি ও ফিক্সড ডিপোজিট সংক্রান্ত তথ্য এবং বিবিধ বিষয়ে বিস্তারিত আলোচনাশেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ-

**সিদ্ধান্তসমূহ :**

১) বনভোজন এর স্থান নির্ধারণ করা হলো খুলনা হিরণ পয়েন্ট। সম্ভাব্য তারিখ নির্ধারণ করা হলো আগামী জানুয়ারি-২০১৯ এর শেষ সপ্তাহ, চাঁদা নির্ধারণ করা হলো ৫০০০/- টাকা। গেস্ট গ্রহণযোগ্য; তবে গেস্টের চাঁদা ৬০০০/- টাকা। খুলনা পর্যন্ত যাতায়াত খরচ প্রত্যেকের নিজ নিজ। চাঁদা প্রদানের শেষ তারিখ ৩১ ডিসেম্বর ২০১৮।

২) ঢাকায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে। অনুষ্ঠানের অর্থায়ন হবে স্পন্সরের মাধ্যমে; তবে প্রয়োজনে সংগঠনের ফান্ড ব্যবহার করা হবে। অনুষ্ঠান আগামী মার্চের মধ্যে আয়োজন করতে হবে।

৩) সর্বশেষ ব্যাংক স্থিতি ও ফিক্সড ডিপোজিট সম্পর্কে সভায় আলোচনা শেষে ২১,০০০,০০/-(একুশ লক্ষ টাকা) AB ব্যাংকে ৯% মুনাফায় ফিক্সড ডিপোজিট রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। একাউন্ট পরিচালিত হবে সভাপতি, সাধারণ সম্পাদক এবং কোষাধ্যক্ষের স্বাক্ষরে।

৪) বিবিধে সভাপতি কার্যনির্বাহী পরিষদের শূন্য ২টি পদ পূরণের ব্যাপারে সবার সম্মতি গ্রহণ করেন এবং সদস্যদের সম্মতিক্রমে সকল সদস্যের নাম ঘোষণা করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

| | |
|---|---|
| প্রফেসর ড. পি এম সফিকুল ইসলাম | আপেল আবদুল্লাহ |
| সাধারণ সম্পাদক | সভাপতি |
| বাংলা বিভাগ অ্যালামনাই | বাংলা বিভাগ অ্যালামনাই |
| রাজশাহী বিশ্ববিদ্যালয় | রাজশাহী বিশ্ববিদ্যালয় |


যোগাযোগ : ০১৭১৮-০০১৮১৭, ০১৯১৪-২৫৪১৭৯, ০১৭১৮-০৫৬৭৬৭,
ই-মেইল : aapelabdullah@gmail.com, anikmahmud146@gmail.com
সকল হালনাগাদ তথ্যের জন্য ভিজিট করুন ওয়েব সাইটঃ www.bangladeptalumniru.org